গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-২) ৬৯৫৬ তারিখ: ২৪/১২/১৪২৮ বঙ্গাব্দ
০৭/০৪/২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** **<u>২১ মার্চ ২০২২ খ্রিঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে অনুষ্ঠিত মহাপরিচালক মহোদয়ের দরবারের কার্যবিবরণী:</u>**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল মহোদয় দরবারে উপস্থিত হলে তাঁকে গার্ড অব অনার প্রদান করা হয়। সশ্রদ্ধ অভিবাদন জ্ঞাপন করে মহাপরিচালক মহোদয়ের নিকট দরবার হস্তান্তর করেন অধিদপ্তরের পরিচালক (প্রশিক্ষণ, পরিকল্পনা ও উন্নয়ন) লেঃ কর্ণেল মোঃ রেজাউল করিম, পিএসসি।

০২। পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ-এর মাধ্যমে দরবার শুরু হয়। মহাপরিচালক মহোদয় দরবারে অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীদের স্বাগত জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। বক্তব্যের প্রারম্ভে তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর তিনি জাতীয় ৪ নেতা, মহান মুক্তিযুদ্ধের সকল শহীদ ও বীর মুক্তিযোদ্ধা এবং ১৫ আগস্ট জাতির পিতার সাথে শাহাদত বরণকারী সকল সদস্যের প্রতি বিনম্র শ্রদ্ধা জানান। একইসাথে তিনি ফায়ারফাইটার সোহেল রানা সহ অপারেশনাল কাজে আত্মাহুতি দেয়া সকলের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

০৩। মহাপরিচালক হিসেবে তাঁর তিন বছর সময় অতিক্রম হয়েছে উল্লেখ করে এই সময়ে অধিদপ্তরের বিভিন্ন উন্নয়ন-অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করেন এবং এই উন্নয়ন কাজে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানান। বাকি সময়ে সকলেই তাঁকে একইভাবে সহযোগিতা করবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

০৪। বিস্তারিত বক্তব্যের পর মহাপরিচালক মহোদয় দরবারে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ প্রদান করেন:

| ক্র. নং | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ৪০টি স্টেশন উদ্বোধন | মাননীয় প্রধানমন্ত্রী ২৪ এপ্রিল দেশের নির্মাণসম্পন্ন ৪০টি ফায়ার স্টেশন শুভ উদ্বোধন করার সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছে। এই অনুষ্ঠান বাস্তবায়নে সকলকে সর্বোচ্চ গুরুত্বের সাথে নিজ নিজ দায়িত্ব সম্পন্ন করতে হবে; | পরিচালক (সকল) |
| ২. | শিক্ষাগত যোগ্যতা | ২১ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত যারা পূর্বানুমতি ব্যতীত সার্ভিস বইতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা অর্জন করেছেন; আবেদন পাওয়া গেলে তাদের প্রমার্জন করে অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা সার্ভিস বইতে অন্তর্ভুক্ত করার বিষয় বিবেচনা করা হবে। এছাড়া যারা পূর্বানুমতি ছাড়া ২১ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত বিধি মোতাবেক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছেন, আবেদন পাওয়া গেলে উল্লিখিত তারিখ পর্যন্ত প্রমার্জন করে তাদের ভর্তির অনুমতি প্রদান করা হবে; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৩. | পদোন্নতি | ড্রাইভার পদে চাকরিরতদের পদোন্নতির আওতায় আনার বিষয়ে মহাপরিচালক মহোদয় ইতিবাচক মনোভাব প্রদর্শন করে বলেন, এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হবে।<br>একই সাথে ফায়ারফাইটারদের পদোন্নতির সময়সীমা কমিয়ে তাদেরকে ১৫ বছরের মধ্যে পদোন্নতির আওতায় আনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৪. | বদলি | সকল কর্মকর্তা-কর্মচারীকে বদলির ক্ষেত্রে এখন থেকে ৩-৪ ঘন্টার মধ্যে নিজ নিজ বাড়িতে পৌঁছাতে পারে এমন দূরত্ব বিবেচনায় আনা হবে। প্রশাসনিক কারণে বদলিকৃতদের ক্ষেত্রে এই সিদ্ধান্ত কার্যকর হবে না; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৫. | ৭ম গ্রেডের পদ সৃজন | সকল জেলায় ৭ম গ্রেডের পদ সৃজনের উদ্যোগ গ্রহণ করা হবে। নতুন অর্গানোগ্রামে এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৬. | আজীবন রেশন প্রদান | কর্মকর্তা-কর্মচারীদের আজীবন রেশন প্রদান নিশ্চিত করার লক্ষ্যে রেশন নীতিমালা প্রণয়নের চলমান কাজ সম্পন্ন করে মন্ত্রণালয় থেকে তার অনুমোদন গ্রহণ করতে হবে; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৭. | পোশাক বিধিমালা প্রণয়ন | র‍্যাংক ব্যাজসহ পোশাক বিধিমালা প্রণয়ণের যে কাজ চলমান আছে তা স্বল্পতম সময়ে শেষ করার মাধ্যমে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৮. | স্টেশন স্থাপনের নীতিমালা | ফায়ার স্টেশন স্থাপনের জন্য প্রণিত নীতিমালার খসড়া স্বল্পতম সময়ের মধ্যে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রজ্ঞাপন জারির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>এখন থেকে এই নীতিমালা অনুযায়ী নতুন ফায়ার স্টেশন নির্মাণের জন্য জমি অধিগ্রহণ এবং জনবল সৃজনের সংস্থান করতে হবে; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৯. | অর্গানোগ্রাম | বাস্তবতার আলোকে ৩০ হাজার-এর অধিক জনবলে কাঠামো ও প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম-এর জন্য অর্গানোগ্রাম প্রণয়নের কাজ স্বল্পতম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় বৃদ্ধি করতে হবে; | পরিচালক (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ১০. | বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি | মুন্সিগঞ্জ জেলার অধিগ্রহণকৃত জমিতে বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি স্থাপনের কাজ সর্বাধিক গুরুত্বের সাথে এগিয়ে নিতে হবে; | পরিচালক (প্র.প.উ.) |
| ১১. | দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স | মাননীয় প্রধানমন্ত্রী দুর্নীতির বিরুদ্ধে যে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেছেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সেও তা কার্যকর হবে। এ বিষয়ে কোনো রকম শৈথিল্য প্রদর্শন করা হবে না; | পরিচালক (সকল) |
| ১২. | আবাসিক ব্যবস্থাপনা | কর্মকর্তা-কর্মচারীদের জন্য সরকারি আবাসন সুবিধা বৃদ্ধি করতে ঢাকা শহরের মধ্যে ৩টি বহুতল ভবন এবং পর্যায়ক্রমে অন্যান্য বিভাগীয় শহরে ১টি করে বহুতল ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে; | পরিচালক (সকল) |
| ১৩. | সকল স্টেশনে অ্যাম্বুলেন্স | সকল ফায়ার স্টেশনে ন্যূনতম একটি করে অ্যাম্বুলেন্স নিশ্চিত করার লক্ষ্যে অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণের জন্য যে প্রকল্প গ্রহণ করা হয়েছে, তার বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে; | পরিচালক (প্র.প.উ.) |
| ১৪. | প্রণোদনা প্রদান | প্রশিক্ষিত যেসব ফায়ারফাইটার ডুবুরির কাজ করছেন এবং ক্রাউড কন্ট্রোল টিমের সদস্যদের নিয়মিত বেতনের সাথে প্রতি মাসে ৫০০ টাকা প্রণোদনা দেয়ার বিদ্যমান নিয়ম পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত চালু থাকবে; | এমডি (ওয়েলফেয়ার ট্রাস্ট) |
| ১৫. | ছুটি প্রদান | অধীনস্ত কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত ছুটি প্রদানের বিষয়ে সকল কর্মকর্তাকে আন্তরিক হতে হবে; | সংশ্লিষ্ট সকল |
| ১৬. | ওমরাহ পালন | প্রতি বছর ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট থেকে অধিদপ্তরের মোট ৭ জন কর্মকর্তা-কর্মচারীকে ওমরাহ করতে পাঠানো হবে। ওমরাহ পালনকারীদের সম্পূর্ণ খরচ ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট থেকে বহন করা হবে; | এমডি (ওয়েলফেয়ার ট্রাস্ট) |
| ১৭. | শৃঙ্খলা, সততা ও আনুগত্য | সকল কর্মকর্তা-কর্মচারীকে শৃঙ্খলা, সততা ও আনুগত্য বজায় রেখে নিজ নিজ দায়িত্ব পালন করতে হবে। এ বিষয়ে কোনো শৈথিল্য গ্রহণযোগ্য হবে না; | পরিচালক (সকল) |

০৫। অধিদপ্তর কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ এবং দরবার আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে মহাপরিচালক মহোদয় দরবারের কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

৭/৪/২২

ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক।

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-২) ৩৫৫(১৫০) তারিখ: ২৪/১২/১৪২৮ বঙ্গাব্দ। ০৭/০৪/২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. প্রকল্প পরিচালক (১৫৬/৪৬/১১ মডার্ন/সেফার প্রজেক্ট/ডুবুরি ইউনিট প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট, অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৬. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৭. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .............................................(সকল)।
৯. সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.............................................(সকল)।
১১. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১৪. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ৯।
১৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৭. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, .............................................(সকল)।
১৮. সুপার/সেকশন ইনচার্জ.............................................., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৯. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/আইসিটি সেল/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

৭/৪/২০২২

মোঃ তৌহিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)

G:\মিটিং, সভা ও দরবার এর রেজুলেশন.docx